

DPSCD ৯-১২ ডিসট্যান্স লার্নিং প্ল্যান



উপকরণসমূহ

হাই স্কুলের শিক্ষার্থীরা সপ্তাহে ৪-৫ দিন ELA, গণিত, সমাজ শিক্ষা ও বিজ্ঞান বিষয়ে এবং সপ্তাহে ২ দিন অন্যান্য বিষয়ে ডিসট্যান্স লার্নিং এ অংশ নেবে। প্রতিদিনের ডিসট্যান্স লার্নিং এর মধ্যে থাকবে:

- লেসন ভিডিও এবং স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট
- অনলাইনে বা ফোনে শিক্ষকদের কাঠামোগত সহায়তা
- PSAT/SAT অনুশীলনের জন্য খান অ্যাকাডেমির সঙ্গে একত্রে শেখা

রিসোর্স	বিবরণ
স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট	এই ওয়ার্ক প্যাকেটে প্রতিটি বিষয়ের জন্য প্রতিদিনের পাঠের উপকরণ অন্তর্ভুক্ত রয়েছে। প্যাকেটগুলো বিতরণের সাইটসমূহ থেকে নেয়া যাবে অথবা ডিস্ট্রিক্টের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।
লেসন ভিডিও	লেসন ভিডিওর লিঙ্ক সরাসরি প্যাকেটে দেয়া আছে। এছাড়া ভিডিওগুলো পাওয়া যাবে www.detroit12.org/youtube এবং https://gm.greatminds.org/en-us/knowledgeonthegeo ঠিকানায়। স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেটে পাওয়া নাম ব্যবহার করে ভিডিওগুলো অনুসন্ধান করুন।
মাইক্রোসফট টিমস	টিমস ব্যবহার করে শিক্ষার্থীরা সরাসরি শিক্ষক সহায়তা সেশনে অংশ নেবে এবং তাদের কাজ জমা দেবে। শিক্ষার্থীরা অনলাইনে বা ফোনে টিমস অ্যাক্সেস করতে পারবে।
খান অ্যাকাডেমি	স্বাধীনভাবে PSAT/SAT অনুশীলনের জন্য এই মিশ্র লার্নিং রিসোর্স ব্যবহার করুন। *বর্তমান ১১ তম গ্রেডের শিক্ষার্থীরা ২০২০ সালের শরতে PSAT পরীক্ষায় অংশ নেবে এবং এই পরীক্ষার জন্য এখন থেকে এবং গ্রীষ্মজুড়ে প্রস্তুতি নিতে হবে।

সময়সূচি

নিচে প্রতিটি বিষয়ের জন্য প্রাত্যহিক ও সাপ্তাহিক কাজের একটি সংক্ষিপ্তসার ডিস্ট্রিক্ট কর্তৃক সরবরাহ করা হয়েছে। আপনার সন্তানের শিক্ষকরা লাইভ শিক্ষক সহায়তা সেশন সম্পর্কিত অতিরিক্ত বিবরণ সরবরাহ করবেন। শিক্ষকরা সপ্তাহে ২-৫ দিন টিমসে একটি নিয়মিত, নির্ধারিত দিন ও সময়ে আপনার সন্তানের সময়সূচির সঙ্গে সমন্বয় রেখে ৩০ মিনিটের ক্লাস নেবেন।

আমরা যথেষ্ট সচেতন রয়েছি যে এমন বহু কারণ রয়েছে যা এই সমস্ত বিষয়কে সঠিক পথে পরিচালনা করা কঠিন করে তোলে, এবং পরিবারগুলোর সম্পৃক্ততার প্রত্যাশিত স্তর সম্পর্কে তাদের সন্তানের শিক্ষকদের সঙ্গে পরিকল্পনা করা উচিত। শিক্ষক, পরিবার ও শিক্ষার্থীরা একসঙ্গে কাজ করলে, আগামী দশ সপ্তাহ আমাদের সকল শিক্ষার্থীর জন্য মূল্যবান শিক্ষার সুযোগ হতে পারে।

বিষয়বস্তু	লেসন ও লাইভ সেশনের নিয়মিততা	শিক্ষার্থীরা...
৯-১২ ইংলিশ ল্যাংগুয়েজ আর্টস (ELA)	প্রতিদিন	<ul style="list-style-type: none"> • প্রতিদিন ১০-১৫ মিনিটের ELA ভিডিও দেখবে • পঠনের সাবলীলতা তৈরির জন্য স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেটের প্রতিদিনের রুটিন সম্পূর্ণ করবে। • স্টুডেন্ট ওয়ার্ক প্যাকেট থেকে অথবা টিমসে শিক্ষকের দেখানো কার্যক্রমের মাধ্যমে লেসন সম্পূর্ণ করবে। • প্রতিদিন ২০ মিনিট স্বাধীনভাবে অধ্যয়ন সম্পন্ন করবে। • SAT EBRW এর জন্য খান অ্যাকাডেমি সম্পূর্ণ করবে। • ELA লেসনের "চিন্তাভাবনা, আলোচনা ও লেখা" অংশের জন্য লাইভ সাপোর্টে অংশগ্রহণ করবে। • প্রতি সপ্তাহে স্টুডেন্ট ওয়ার্ক পেজ জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।
৯-১২ সমাজ শিক্ষা	সপ্তাহে ৪-৫ বার	<ul style="list-style-type: none"> • সমাজ শিক্ষা বিষয়ের পড়া সম্পূর্ণ করবে, ভিডিও দেখবে এবং সাপ্তাহিক সমাজ শিক্ষা সময়সূচিতে শেখার ক্রিয়াকলাপে অংশ নেবে। • শিক্ষকের সঙ্গে অফিস চলাকালীন সময়ে অংশগ্রহণ করবে। • প্রতি সপ্তাহে স্টুডেন্ট ওয়ার্ক জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।
৯-১২ গণিত	প্রতিদিন	<ul style="list-style-type: none"> • প্রতিদিন গণিত বিষয়ের ভিডিও দেখবে (১০-১৫ মিনিট)। • স্টুডেন্ট প্যাকেটের অনুশীলনী সম্পূর্ণ করবে এবং যদি সম্ভব হয় তাহলে লেসন ভিডিওর সঙ্গে সম্পর্কিত খান অ্যাকাডেমির অনুশীলনী সম্পূর্ণ করবে। • SAT গণিতের জন্য খান অ্যাকাডেমির অনুশীলনী সম্পন্ন করবে। • শিক্ষকের সঙ্গে গাণিতিক সমস্যার অনুশীলন নিয়ে লাইভ সাপোর্টে অংশগ্রহণ করবে। • প্রতি সপ্তাহে ওয়ার্ক পেজ জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।
৯-১২ বিজ্ঞান	সপ্তাহে ৪-৫ বার	<ul style="list-style-type: none"> • বিজ্ঞানের সাপ্তাহিক সময়সূচিতে নির্ধারিত বিজ্ঞান পাঠ, ভিডিও এবং শেখার কার্যক্রমগুলোর সঙ্গে নেক্সট জেন ইনকোয়ারি প্রজেক্ট সম্পূর্ণ করবে। • শিক্ষকের সঙ্গে সাপ্তাহিক অফিস চলাকালীন সময়ে অংশগ্রহণ করবে। • স্টুডেন্ট ওয়ার্ক জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।

অ্যাডভান্সড প্লেসমেন্ট	প্রতিদিন	<ul style="list-style-type: none"> আনুমানিক ৪৫মিনিটের কলেজ বোর্ড ইউটিউব অনুশীলনী সম্পূর্ণ করবে অথবা অনলাইন কোর্সের লাইভ সময়সূচিতে অংশগ্রহণ করবে। AP পরীক্ষার নমুনা সমস্যা(গুলো) সম্পূর্ণ করবে এবং পরীক্ষার জন্য প্রস্তুতি নেবে। শিক্ষকের সঙ্গে সাপ্তাহিক অফিস চলাকালীন সময়ে অংশগ্রহণ করবে। নির্ধারিত স্টুডেন্ট ওয়ার্ক জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।
অন্যান্য কোর্স	প্রতি সপ্তাহে একবার প্রতিটি কোর্সে	<ul style="list-style-type: none"> শিক্ষকের শেয়ার করা নির্ধারিত কোর্সের পাঠ পড়বে, ভিডিও দেখবে এবং শিক্ষামূলক ক্রিয়াকলাপে অংশ নেবে। শিক্ষকের সঙ্গে অফিস চলাকালীন সময়ে অংশগ্রহণ করবে। স্টুডেন্ট ওয়ার্ক জমা দেবে এবং শিক্ষকের প্রতিক্রিয়া পর্যালোচনা করবে।

গ্রেডিং

শিক্ষকরা শিক্ষার্থীদের জমা দেয়া সমস্ত কাজের ব্যাপারে মতামত জানাবেন, কিন্তু শিক্ষার্থীদের কোন গ্রেড দেয়া হবে না। শিক্ষকরা "অসাধারণ" উল্লেখ করে অথবা সঠিক উত্তরের শতাংশ হিসেব করে এই কাজের মূল্যায়ন করতে পারেন, কিন্তু এই গ্রেড কোন রিপোর্ট কার্ড বা স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত হবে না। একজন শিক্ষক প্রদত্ত যেকোন প্রতিক্রিয়া কেবল শিক্ষার্থী কাজটি কতটা ভালভাবে সম্পন্ন করেছে তা জানানোর জন্য ব্যবহৃত হবে। শিক্ষার্থীরা ১২ মার্চ, ২০২০ এর মধ্যে শেষ যে দিন স্কুলে অংশ নিয়েছিল সেদিন পর্যন্ত তাদের অ্যাকাডেমিক পারফরম্যান্সের ভিত্তিতে তৃতীয় কোয়ার্টারের জন্য গ্রেড পাবে। এই গ্রেড চতুর্থ কোয়ার্টারেও দেয়া হবে। যেসব শিক্ষার্থী তাদের চতুর্থ কোয়ার্টার গ্রেডে উন্নতি করতে চায় তারা তাদের শিক্ষকের সরবরাহকৃত সমৃদ্ধি উপকরণ ব্যবহার করতে পারে। অন্যথায় তৃতীয় কোয়ার্টারের গ্রেড চতুর্থ কোয়ার্টারের জন্যও গণনা করা হবে।

অ্যাসাইনমেন্টগুলো সমৃদ্ধির ভিত্তিতে হবে। যদিও শিক্ষার্থীদের চতুর্থ কোয়ার্টারে গ্রেড উন্নত করার জন্য অতিরিক্ত ক্রেডিট অর্জনের একটি সুযোগ দেয়া হতে পারে, কিন্তু ডিসট্যান্স লার্নিং এর কাজগুলো শিক্ষার্থীদের তৃতীয় কোয়ার্টারের গ্রেডকে পরিবর্তন করবে না।